# বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

## সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

**বুলেটিন নং ১০১**
**প্রকাশের তারিখ: ০৩/০৮/২০২৫**
**হালনাগাদের তারিখ: ০৬/০৮/২০২৫**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সতর্কবার্তা (০৬.০৮.২০২৫) অনুযায়ী আগামী ৪৮ ঘণ্টায় ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতিভারী বৃষ্টিপাত হতে পারে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস (০৬.০৮.২০২৫) অনুযায়ী আগামী ০৩ দিন সুরমা, কুশিয়ারা, মনু, ধলাই, খোয়াই, লুবাছড়া, জিঞ্জিরাম ও কংস নদীসমূহের পানি সমতল সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এর ফলে সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, শেরপুর, নেত্রকোনা ও ময়মনসিংহ জেলার উক্ত নদীসংলগ্ন নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে। এছাড়াও আগামী ০৩ দিন মুহুরী, সেলোনিয়া ও নোয়াখালী খাল নদীসমূহের পানি সমতল সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এর ফলে ফেনী ও নোয়াখালী জেলার উক্ত নদীসংলগ্ন নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে।

ভারী বৃষ্টিপাত ও বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

১। উঁচু ও পানি নিষ্কাশনযোগ্য স্থানে নতুন বীজতলা তৈরি করুন।

২। প্লাবিত এলাকায় উঠান বীজতলা, ভাসমান বীজতলা অথবা প্লাস্টিক ট্রে বীজতলা ব্যবহার করা যেতে পারে।

৩। জলাবদ্ধতা পরিহারের জন্য আমন বীজতলার চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।

৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ এবং চারা রোপণ থেকে বিরত থাকুন।

৫। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন।

৬। সকল খামারজাত পণ্য শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

৭। কলাসহ অন্যান্য ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।

৮। গবাদি পশু ও হাসমুরগী উঁচু জায়গায় স্থানান্তর করুন।

০৬/০৮/২০২৫
(উর্মী আহসান)
উপপরিচালক (বামিস ইউনিট)
পরিচালকের পক্ষে